পশ্চিমবঙ্গ সরকার
জেলাশাসকের করণ, মুর্শিদাবাদ ও
সভাপতি, স্থানীয় গ্রন্থাগার কৃত্যক, মুর্শিদাবাদ
(গ্রন্থাগার বিভাগ)
জেলা গ্রন্থাগার ভবন, মুর্শিদাবাদ
ব্যারাক স্কোয়ার (পশ্চিম), পোস্ট- বহরমপুর, জেলা মুর্শিদাবাদ
পিন- ৭৪২১০১

স্মারক সংখ্যাঃ ১৭৫/ডি.এল.ও.-এম.এস.ডি./২৩ তারিখ-২২.০৫.২০২৩

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় গ্রন্থাগার কৃত্যক, মুর্শিদাবাদ এর অধীন মুর্শিদাবাদ জেলার সরকার পোষিত গ্রামীণ গ্রন্থাগারের গ্রন্থাগারিক পদে নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের নিকট থেকে অনলাইন-এ আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

পদের নামঃ মুর্শিদাবাদ জেলার সরকার পোষিত গ্রামীণ গ্রন্থাগারের গ্রন্থাগারিক।

বেতনঃ লেভেল-৬, সেল – ১ (পে ম্যাট্রিক্স ২২৭০০ – ৫৮,৫০০/- টাকা এবং অন্যান্য ভাতা (রোপা ২০১৯ অনুযায়ী))

পূরণ করতে হবে এমন পদের সংখ্যাঃ মোট পদ ৩৬(ছত্রিশ) টি [অসংরক্ষিত-৫; অসংরক্ষিত (অব্যাহতিপ্রাপ্ত) -৩; অসংরক্ষিত (প্রাক্তন সামরিক কর্মী) – ২; অসংরক্ষিত (মেধাবী ক্রীড়াবিদ)– ১, অসংরক্ষিত (প্রতিবন্ধী)– আত্মমগ্নতা/বহির্বিমুখতা, বুদ্ধিবৃত্তি সংক্রান্ত প্রতিবন্ধী, বিশেষভাবে শিক্ষাগ্রহণে প্রতিবন্ধী, মানসিকভাবে অসুস্থ এবং বহুমুখী প্রতিবন্ধী -১; আর্থিকভাবে দুর্বল শ্রেণী -১; আর্থিকভাবে দুর্বল শ্রেণী (অব্যাহতিপ্রাপ্ত) -১; আর্থিকভাবে দুর্বল শ্রেণী (প্রাক্তন সামরিক কর্মী) – ১; তপশিলি জাতি- ৮; তপশিলি জাতি (অব্যাহতিপ্রাপ্ত)–৪; অন্যান্য অনগ্রসর শ্রেণী “ক” -২; অন্যান্য অনগ্রসর শ্রেণী “ক”(অব্যাহতিপ্রাপ্ত) -১; অন্যান্য অনগ্রসর শ্রেণী “খ” -২; অন্যান্য অনগ্রসর শ্রেণী “খ”(অব্যাহতিপ্রাপ্ত)-১; তপশিলি উপজাতি -২; তপশিলি উপজাতি (অব্যাহতিপ্রাপ্ত)) -১]

সংরক্ষণঃ বর্তমান সরকারী আইন / নিয়ম অনুসারে পদ/আসনগুলি সংরক্ষিত রাখা হবে।

প্রয়োজনীয় যোগ্যতাঃ অ) অবশ্যই উচ্চ মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

আ) পশ্চিমবঙ্গ সরকারের জনশিক্ষা প্রসার অধিকার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের বিজ্ঞপ্তি নং ৩৬৫/এম ই ই / সেক্রে : তাং ১৫.০৩.২০২৩ -এ উল্লিখিত শিক্ষাপ্রতিষ্ঠান থেকে গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞানে সফল শংসাপত্র থাকতে হবে।

গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞানে স্নাতক অথবা সমতুল্য যোগ্যতার প্রার্থী আবেদন করতে পারবেন।

ই) কম্পিউটার অ্যাপ্লিকেশনে সাধারণ জ্ঞান থাকা আবশ্যক।

ঈ) বাংলা ভাষায় জ্ঞান থাকা আবশ্যক।

বয়সঃ ০১.০১.২০২৩ তারিখে ১৮ বছরের কম অথবা ৪০ বছরের বেশী নয়।
বর্তমান সরকারী আইন/নিয়ম অনুসারে ঊর্দ্ধতন বয়স সীমা সংরক্ষিত বিভাগের প্রার্থীদের ক্ষেত্রে শিথিলযোগ্য।

নির্বাচন পদ্ধতিঃ জনশিক্ষা প্রসার অধিকার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের বিজ্ঞপ্তি নং ৩৬৬/এম ই ই / সেক্রে : তাং ১৫.০৩.২০২৩ অনুযায়ী।

**বিশেষভাবে দ্রষ্টব্যঃ** অসংরক্ষিত- Unreserved (UR); তপশিলি জাতি- Scheduled Caste(SC); তপশিলি উপজাতি- Scheduled Tribe (ST); অন্যান্য অনগ্রসর শ্রেণী “ক”- Other Backward Classes (A) i.e. OBC-A; অন্যান্য অনগ্রসর শ্রেণী “খ”- Other Backward Classes (B) i.e. OBC-B; অব্যাহতিপ্রাপ্ত- Exempted Category(EC); প্রতিবন্ধী ব্যক্তি- Persons With Disabilities (PWD); আত্মমগ্নতা/বহির্বিমুখতা, বুদ্ধিবৃত্তি সংক্রান্ত প্রতিবন্ধী, বিশেষভাবে শিক্ষাগ্রহণে প্রতিবন্ধী,

মানসিকভাবে অসুস্থ এবং বহুমুখী প্রতিবন্ধী- Autism, intellectual disability, specific learning disability, mental illness and multiple disabilities; প্রাক্তন সামরিক কর্মী- Ex-Serviceman(Ex-SM); মেধাবী ক্রীড়াবিদ- Meritorious Sportsperson (MS); আর্থিকভাবে দুর্বলশ্রেণী- Economically Weaker Section (EWS).

১) প্রদত্ত প্রকরণ (ফর্ম্যাট)-এ আবেদনপত্র কেবলমাত্র অনলাইনে জমা করতে হবে।

২) আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ১৫/০৬/২০২৩, মধ্যরাত্রি (১২টা) পর্যন্ত। আবেদনপত্র কেবলমাত্র অনলাইনে https://lib.recruitmentmurshidabad.in এই পোর্টালে গ্রহণ করা হবে। উক্ত পোর্টালে অনলাইমে আবেদনপত্র জমা দেওয়া ব্যতীত অন্য কোনো ভাবেই আবেদনপত্র নেওয়া হবে না। শেষ তারিখের পরে কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৩) পশ্চিমবঙ্গ সরকারের জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের দ্বারা জারি করা নিয়োগ বিধি অনুযায়ী আবেদন করার সময়ে নির্ধারিত যোগ্যতা থাকা আবশ্যক।

৪) সমস্ত শিক্ষাগত এবং বৃত্তিগত যোগ্যতা অবশ্যই পশ্চিমবঙ্গ সরকার দ্বারা স্বীকৃত বোর্ড/কাউন্সিল/ বিশ্ববিদ্যালয়/ শিক্ষা প্রতিষ্ঠানগুলি থেকে হতে হবে।

৫) কেবলমাত্র পশ্চিমবঙ্গের তপশিলি জাতি এবং তপশিলি উপজাতি প্রার্থীগণ বয়সের ঊর্ধ্বসীমার ক্ষেত্রে পাঁচ (০৫) বছরের ছাড় পেতে পারেন এবং পশ্চিমবঙ্গের অন্যান্য অনগ্রসর শ্রেণী (ক্যাটিগরি "ক" এবং "খ") (নন ক্রিমি লেয়ার) প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ তিন (০৩) বছরের ছাড় পাওয়া যাবে। অন্য রাজ্যের তপশিলি জাতি, তপশিলি উপজাতি এবং অন্যান্য অনগ্রসর শ্রেণীর প্রার্থীগণ সাধারণ প্রার্থী হিসেবে অসংরক্ষিত পদের জন্য আবেদন করতে পারবেন কিন্তু বয়সের ঊর্ধ্বসীমা সংক্রান্ত কোন ছাড় পাবেন না। পশ্চিমবঙ্গের প্রতিবন্ধী ব্যক্তিগণ পঁয়তাল্লিশ (৪৫) বছর বয়স অবধি আবেদন করতে পারবেন (উপযুক্ত শংসাপত্র থাকলে)। সরকারী আদেশনামা/নির্দেশিকা অনুসারে আবেদনকারী প্রাক্তন সামরিক কর্মী বয়সের ছাড় পাবেন।

৬) তপশিলি জাতি, তপশিলি উপজাতি, অন্যান্য অনগ্রসর শ্রেণী (নন ক্রিমি লেয়ার), আর্থিকভাবে দুর্বল শ্রেণী অথবা প্রতিবন্ধী ব্যক্তি (৪০% ও তার বেশী) বয়স বা সংরক্ষণ সংক্রান্ত সুবিধা পেতে চাইলে (যা প্রযোজ্য) পশ্চিমবঙ্গ সরকারের উপযুক্ত কর্তৃপক্ষের থেকে জারি হওয়া যথাযথ শংসাপত্র দাখিল (Upload) করতে হবে। আবেদনপত্র জমা করার শেষ দিনের মধ্যে এই শংসাপত্র অনলাইনে দাখিল (Upload) করতে হবে। পরবর্তী সময়ে জারি হওয়া বা দাখিল না করা শংসাপত্রের অধিকারি কোন সুবিধা পাবেন না।

৭) মৌখিক পরীক্ষার (Interview) আগে এবং নিয়োগের সময় অন্যান্য অনগ্রসর শ্রেণী (নন ক্রিমি লেয়ার) প্রার্থীদের অবশ্যই তাঁদের পুনঃনবীকৃত /পুনঃপ্রমাণিত অন্যান্য অনগ্রসর শ্রেণী (নন ক্রিমি লেয়ার) শংসাপত্র দাখিল/পেশ করতে হবে।

৮) আবেদন করার সময়ে স্ব-প্রত্যয়িত (self attested) শিক্ষাগত যোগ্যতা ও বয়সের প্রমাণপত্র, প্রাসঙ্গিক অভিজ্ঞতার শংসাপত্র এবং অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র অবশ্যই অনলাইনে **https://lib.recruitmentmurshidabad.in** পোর্টালে/ওয়েবসাইটে দাখিল (Upload) করতে হবে এবং এই সকল শংসাপত্র ও নথিপত্র নিয়োগকর্তার প্রয়োজন অনুসারে আসল (অরিজিনাল) শংসাপত্র ও নথিপত্র উপযুক্ত কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে।

৯) যদি কোনো ক্ষেত্রে এমনকি নিয়োগের জন্য সুপারিশপত্র প্রকাশের পরে দেখা যায় যে একজন প্রার্থী বিজ্ঞাপন অনুসারে অযোগ্য, তখন তাঁকে পুনরায় না জানিয়ে তাঁর প্রার্থীপদ বাতিল করা হবে।

১০) এই নিয়োগ প্রক্রিয়া চলাকালীন কোনো প্রার্থী প্রত্যক্ষ বা অপ্রত্যক্ষভাবে নির্বাচন কমিটিকে প্রভাবিত করার চেষ্টা করলে তা প্রার্থীর বিরুদ্ধে যেতে পারে।

১১) এই পদে নিয়োগ সংক্রান্ত সমস্ত তথ্যাদি সময়ে সময়ে এই অফিসের ওয়েবসাইট/পোর্টাল **https://lib.recruitmentmurshidabad.in** -এ পাওয়া যাবে। যে সকল প্রার্থীদের আবেদনপত্র সঠিক বলে বিবেচিত হবে, তাঁরা এই ওয়েবসাইট/ পোর্টাল থেকেই লিখিত পরীক্ষার জন্যে প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড করতে পারবেন। প্রার্থীদেরকে অনুরোধ করা হচ্ছে উক্ত ওয়েবসাইট/পোর্টাল অনুসরণ করতে।

১২) লিখিত পরীক্ষার তারিখঃ ৩০-০৭-২০২৩

স্থান – বহরমপুর, মুর্শিদাবাদ

তাং – ২২.০৫.২০২৩

স্বাঃ-

জেলাশাসক, মুর্শিদাবাদ ও সভাপতি,

স্থানীয় গ্রন্থাগার কৃত্যক, মুর্শিদাবাদ